অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/15/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে পাঁচটি অঞ্চল আজ থেকে খুলে দেওয়া শুরু করার ঘোষণা করেছেন গভর্নর কুওমো

আজ যে অঞ্চলগুলো খুলছে না তার জন্য 28 মে পর্যন্ত NYS অন পজ বৃদ্ধি করা হয়েছে; বেঞ্চমার্কে পৌঁছনোর সাথে সাথেই অঞ্চলগুলি পুনরায় খোলার ফেজ ওয়ানে প্রবেশ করতে পারে

ফেজ এক ব্যবসার জন্য অতিরিক্ত নির্দেশিকার রূপরেখা প্রদান করে তারা যখন খোলা শুরু করবে

সৈকতে বহু-রাজ্য চুক্তি ঘোষণা করেন এবং নিউ ইয়র্কের বিচগুলি খুলে দেওয়ার জন্য নির্দিষ্ট অবস্থার রূপরেখা ব্যক্ত করেন

নিউ ইয়র্ক স্টেটে আরো 2,762 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 44 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 345,813-তে নিয়ে আসে

চলমান COVID-19 মহামারির মধ্যে পাঁচটি অঞ্চল আজ থেকে খুলে দেওয়া শুরু করার ঘোষণা করেছেন গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো সেন্ট্রাল নিউ ইয়র্ক, নর্থ কান্ট্রি, ফিঙ্গার লেকস, সাউদার্ন টায়ার এবং মোহক ভ্যালি অঞ্চল রাজ্যের আঞ্চলিক পর্যায়ক্রমিক পুনরায় খোলার পরিকল্পনার ফেজ ওয়ান করার জন্য প্রয়োজনীয় সাতটি মেট্রিক্সের সব কটি পূরণ করেছে। আজ যে সব অঞ্চল খুলবে না সেগুলির জন্য NYS অন পজ (NYS on PAUSE) মে 28 পর্যন্ত প্রসারিত করা হবে - সেগুলি হল ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, রাজধানী অঞ্চল, মধ্য-হাডসন উপত্যকা, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড। যখন একটি অঞ্চল পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় সাতটি মেট্রিক্স পূরণ করে, সেই অঞ্চল অবিলম্বে পুনরায় খোলার ফেজ ওয়ানে প্রবেশ করতে পারে।

"এই সম্পূর্ণ মহামারি জুড়ে নিউ ইয়র্কবাসীরা এগিয়ে এসেছেন এবং বক্ররেখা সমতল করার জন্য একসাথে কাজ করেছেন, এবং আজ রাজ্যের অর্ধেক অঞ্চল আবার খুলতে শুরু করবে," **গভর্নর কুওমো বলেন।** "এই অঞ্চলগুলো পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় সাতটি মানদণ্ড পূরণ করেছে, এবং যখনই অন্যান্য অঞ্চলগুলো সেই সব বেঞ্চমার্কগুলিতে পৌঁছবে, তারা পুনরায় খোলার ফেজ ওয়ান শুরু করতে পারবে। এই প্রক্রিয়া নিয়ে আমরা যেমন এগিয়ে যাব, আমাদের সবার নিজেদের

ব্যক্তিগত দায়িত্ব বোঝা উচিৎ - এভাবেই প্রথম দিন থেকে এটি কাজ করেছে এবং এইভাবেই আমরা ভাইরাসের বিস্তার মন্থর করতে থাকবো এবং আমাদের নতুন স্বাভাবিক শুরু করব।"

গভর্নর কুওমো ফেজ ওয়ান ব্যবসাগুলির জন্য অতিরিক্ত নির্দেশিকার রূপরেখা এবং প্রোটোকল ব্যক্ত করেছেন তারা যখন পুবরায় খোলা শুরু করেছেন:

আবাসিক/বাণিজ্যিক নির্মাণ:

- সকুল কর্মীদের মাস্ক থাকতে হবে এবং তারা যখন অন্য কোন কর্মীর ছয় ফুট দূরত্বের মধ্যে থাকবেন, তখন সেই মাস্ক তাদের পরা উচিৎ
- নিয়োগকর্তাদের সকল কর্মচারীদের মাস্ক প্রদান করতে হবে
- সমবেত হয়ে কোন মিটিং করা চলবে না

খুচরা ব্যবসার মালিক - ফুটপাথের ধারে পিকাপ

- কর্মচারী এবং গাড়ির মধ্যে থাকা ক্রেতা, উভয়কেই মাস্ক পরতে হবে, গ্লাভস পরতে পারলে আরো ভালো
- হ্যান্ড স্যানিটাইজার অবশ্যই উপলব্ধ করতে হবে

খুচরা ব্যবসার মালিক - দোকানের ভিতর থেকে পিকাপ করা

- আগে থেকে অর্ডার দেওয়া দরকার - প্রাক-আয়োজিত অর্ডার
- দোকান মধ্যে প্রয়োজনীয় সামাজিক দূরত্ব
- সর্বোচ্চ ধারণক্ষমতার 50 শতাংশের বেশি নয়
- পৃষ্ঠপোষকদের মাস্ক পরতে হবে
- দোকানের কর্মীদের মাস্ক পরতে হবে, গ্লাভস পরলে ভালো হয়
- হ্যান্ড স্যানিটাইজার অবশ্যই উপলব্ধ করতে হবে

এছাড়াও, মেমোরিয়াল ডে সপ্তাহান্তের জন্য নিউ জার্সি, কানেকটিকাট ও ডেলাওয়ারের সাথে একটি বহু-রাজ্য ভিত্তিক চুক্তির কথা ঘোষণা করেছেন গভর্নর সৈকতগুলি পুনরায় খোলার জন্য। গভর্নর নির্দিষ্ট শর্তের রূপরেখা ব্যক্ত করেছেন যা খোলার জন্য নিউ ইয়র্কের বিচগুলিকে পূরণ করতে হবে। নিউ ইয়র্ক স্টেটের রাজ্যের এবং স্থানীয় সমুদ্র সৈকতগুলি নিম্নলিখিত ন্যূনতম শর্তগুলি অনুসরণ করলে শুক্রবার মেমোরিয়াল ডের সপ্তাহান্তে খুলতে পারে:

- নিয়ন্ত্রিত প্রস্থান/প্রবেশদ্বার এবং সীমিত পার্কিং ব্যবস্থা নিশ্চিত করে সর্বোচ্চ 50 শতাংশ ধারণক্ষমতা বাধ্যতামূলক করে
- খেলাধুলা সহ (যেমন ভলিবল, ফুটবল), গ্রুপ যোগাযোগ কার্যক্রম নিষিদ্ধ করা

- সামাজিক সমাবেশের স্থাগুলি বন্ধ রাখা (যেমন পিকনিকের জন্য নির্দিষ্ট এলাকা, খেলার মাঠ, প্যাভিলিয়ন, আর্কেড, বিনোদনের রাইড)
- কর্মচারী এবং দর্শনার্থী, উভয়ের জন্য সামাজিক দূরত্বের ব্যবস্থা বলবত করা
- যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয় তখন সকল কর্মচারী এবং দর্শনার্থীদের মাস্ক পরা বাধ্যতামূলক করা
- ছাড় বন্ধ করা
- এই ব্যবস্থাগুলি স্থাপন করতে এবং ভিড় নিয়ন্ত্রণ বলবত করতে পর্যাপ্ত কর্মীর সংখ্যা নিশ্চিত করা।

শহর, টাউন এবং কাউন্টির সৈকতগুলি স্থানীয় সরকারের হোম রুলের সাপেক্ষে একই শর্তে খোলা হতে পারে:

- স্থানীয় সরকারকে ন্যূনতম নিয়ম-কানুনগুলি পুরোপুরি কার্যকর করতে হবে এবং তারা অতিরিক্ত শর্ত আরোপ করতে পারে।
- যদি স্থানীয় সরকার ন্যূনতম নিয়ম কার্যকর না করে, তাহলে সৈকতটি বন্ধ করা হবে
- স্থানীয়দের বুধবার 20 মের মধ্যেখোলার ইচ্ছা সম্পর্কে জনগণকে অবহিত করতে হবে।
- শুক্রবার, 22 মে 2020 মেমোরিয়াল ডে সপ্তাহান্তের আগে সৈকতগুলি খুলতে পারে

পরিশেষে, গভর্নর আরও 2,762 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 345,813-তে নিয়ে এসেছে। মোট 345,813 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,538	29
Allegany	44	0
Broome	390	7
Cattaraugus	64	0
Cayuga	61	1
Chautauqua	45	1
Chemung	133	1
Chenango	113	1
Clinton	85	4
Columbia	333	6
Cortland	33	0
Delaware	67	0
Dutchess	3,498	24

Erie	4,782	111
Essex	32	0
Franklin	17	0
Fulton	145	1
Genesee	175	0
Greene	209	2
Hamilton	5	0
Herkimer	87	1
Jefferson	71	2
Lewis	12	0
Livingston	106	0
Madison	256	1
Monroe	2,091	72
Montgomery	72	3
Nassau	38,864	121
Niagara	743	33
NYC	190,357	1,812
Oneida	713	15
Onondaga	1,440	17
Ontario	133	4
Orange	9,825	54
Orleans	147	2
Oswego	80	2
Otsego	67	0
Putnam	1,121	6
Rensselaer	428	5
Rockland	12,637	41
Saratoga	421	6
Schenectady	603	6
Schoharie	47	0
Schuyler	8	0
Seneca	49	0
St. Lawrence	192	0
Steuben	231	1
Suffolk	37,719	175
Sullivan	1,189	21
Tioga	110	2
Tompkins	136	0

Ulster	1,511	16
Warren	228	1
Washington	217	2
Wayne	91	2
Westchester	31,943	151
Wyoming	77	0
Yates	22	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন